

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহসবার, জানুয়ারী ১০, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

ঢাকা' ১১ই জানুয়ারী, ১৯৯৩/২৮শে পৌষ, ১৩৯৯

এস, আর, ও নং ৮-আইন/৯৩—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 185 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Income Tax Rules, 1984 এ নিম্ন বর্ণিত অধিকতর সংশোধনের প্রস্তাব করিতেছে।

প্রস্তাবিত সংশোধনীর খসড়া section 185 এর sub-section (4) এর বিধান মোতাবেক উক্ত সংশোধনীর দ্বারা ক্ষতিগ্রস্ত হইতে পারেন এইরূপ ব্যক্তিবর্গের জ্ঞাতার্থে প্রকাশ করা হইল এবং এতদ্বারা নোটিশ প্রদান করা যাইতেছে যে উক্ত খসড়া সংশোধনী আগামী ২১শে জানুয়ারী, ১৯৯৩ তারিখের পর বিবেচনা করা হইবে। খসড়াটি সম্পর্কে কোন ব্যক্তির নিকট হইতে উপরিউল্লিখিত তারিখের পূর্বে কোন পরামর্শ বা আপত্তি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক প্রাপ্ত হইলে উহা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিবেচিত হইবে।

খসড়া সংশোধনী

উপরি-উক্ত Rules এর rule 18 এর sub-rule(3) তে বিধৃত ফরমের Paragraph 1 এ উল্লিখিত "taka 25,000" শব্দটি ও সংখ্যাটির পরিবর্তে "taka 2,00,000" শব্দটি ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

মেসৃবাহ উদ্-দীন আহমদ
সদস্য (আয়কর)।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মর্দিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৮৯)

মূল্য: টাকা ১.০০